রাষ্ট্রপতির কার্যালয়
আপন বিভাগ
বঙ্গভবন, ঢাকা
www.bangabhaban.gov.bd

১৯ চৈত্র ১৪২৫

নম্বর-০২.০০.০০০০.০০৭.১৯.০০৭.১৮-৪৫২

তারিখ: ....
০২ এপ্রিল ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

রাষ্ট্রপতির কার্যালয়, আপন বিভাগের নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নম্বর	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
১	২	৩	৪	৫
১	কম্পিউটার অপারেটর (Computer Operator) ১১,০০০ - ২৬,৫৯০/- (গ্রেড-১৩)	০৩ (তিন) টি	(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।	মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, শরিয়তপুর, চাঁদপুর, ফেনী, নোয়াখালী, জয়পুরহাট, নওগাঁ, খুলনা, বাগেরহাট, কুষ্টিয়া, বরিশাল, ভোলা ও মৌলভীবাজার জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
২	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (Steno-typist Cum Computer Operator) ১১,০০০ - ২৬,৫৯০/- (গ্রেড-১৩)	০৩ (তিন) টি	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; (গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; (ঘ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি পরীক্ষায় সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ; এবং (ঙ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	
৩	ক্যাশিয়ার (Cashier) ১০,২০০- ২৪,৬৮০/- (গ্রেড-১৪)	০১ (এক) টি	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে ন্যূনতম দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রীসহ অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।	
৪	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (Office Assistant Cum Computer Typist) ৯,৩০০– ২২,৪৯০/- (গ্রেড-১৬)	০৮ (আট) টি	(ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; (গ) কম্পিউটার মুদ্রাক্ষর গতি পরীক্ষায় সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ; এবং (ঘ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।	
৫	স্টোর কিপার (Storekeeper) ৯,৩০০- ২২,৪৯০/- (গ্রেড-১৬)	০২ (দুই) টি	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	
৬	বাবুর্চি (Cook) ৯,৩০০- ২২,৪৯০/- (গ্রেড-১৬)	০৪ (চার) টি	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ দেশী ও বিদেশী খাদ্য প্রস্তুতে খ্যাতনামা কোন হোটেল/প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।	
৭	ডেসপাচ রাইডার (Despatch Rider) ৮,৮০০- ২১,৩১০/- (গ্রেড-১৮)	০১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ ড্রাইভিং লাইসেন্সসহ মোটর সাইকেল চালনায় বাস্তব কর্ম অভিজ্ঞতা।	

পরবর্তী পৃষ্ঠা-২

ক্রমিক নম্বর	পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
১	২	৩	৪	৫
৮	সাইকেল ম্যাসেঞ্জার (Cycle Messenger) ৮,৫০০- ২০,৫৭০/- (গ্রেড-১৯)	০২ (দুই) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।	মুন্সীগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, জয়পুরহাট, বগুড়া, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, মাগুরা, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা ও মৌলভীবাজার জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
৯	হাউজ লস্কর (House Laskar) ৮,২৫০– ২০,০১০/- (গ্রেড-২০)	০১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট।	
১০	অফিস সহায়ক (Office Shohayak) ৮,২৫০- ২০,০১০/- (গ্রেড-২০)	১০ (দশ) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট।	
১১	চোপদার (Chopder) ৮,২৫০- ২০,০১০/- (গ্রেড-২০)	০১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট।	
১২	খেদমতগার (Khedmatgar) ৮,২৫০- ২০,০১০/- (গ্রেড-২০)	০৬ (ছয়) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।	
১৩	খালাসী (Khalashi) ৮,২৫০- ২০,০১০/- (গ্রেড-২০)	০৫ (পাঁচ) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট।	
১৪	সহকারী বাবুর্চি (পূর্বতন পদ: কুকমেট) [Assistant Cook (Cookmate)] ৮,২৫০ - ২০,০১০/- (গ্রেড-২০)	০১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।	
১৫	সহকারী বাবুর্চি (পূর্বতন পদ: মশালচি) [Assistant Cook (Mashalchi)] ৮,২৫০ - ২০,০১০/- (গ্রেড-২০)	০১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেট।	
১৬	ভবন পরিচর্যাকারী (Bhaban Paricharjakari) ৮,২৫০ - ২০,০১০/- (গ্রেড-২০)	০৫ (পাঁচ) টি	অষ্টম শ্রেণি উত্তীর্ণসহ সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা, তবে পেশাগত (Professional) ক্লিনারের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।	

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:

১। **৬ মে ২০১৯ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে**। তবে মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের (নাতি-নাতনি) বয়সের উর্ধ্বসীমা ৩০(ত্রিশ) বছর। ক্রমিক নম্বর ২ ও ৪ এ উল্লিখিত পদের জন্য বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে;

৩। নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান এবং পরবর্তিতে এ সংক্রান্ত বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

৪। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবেনা;

পরবর্তী পৃষ্ঠা-৩

৫। **মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে:**

(ক) সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল সনদপত্রের ফটোকপি দাখিল করতে হবে;

(খ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে;

(গ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার নাম এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্কের বিষয়টি সুস্পষ্টভাবে সনদে উল্লেখ করতে হবে।

(ঘ) ভবন পরিচর্যাকারী পদের ক্ষেত্রে পেশাগত (Professional) ক্লিনারের প্রমাণস্বরূপ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত 'জাত হরিজন সনদ' এর মূলকপি প্রদর্শন করতে হবে এবং সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(ঙ) এতিম, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(চ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র/ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৬। এ নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ জারিকৃত সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;

৭। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৮। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন। তবে ১, ২, ৪, ৭ ও ৮ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৯। **আবেদনপত্র পূরণ সংক্রান্ত নির্দেশাবলি:**

ক) আগ্রহী প্রার্থীগণ http://bangabhaban.teletalk.com.bd এ ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫ এপ্রিল ২০১৯, সকাল ১০:০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৬ মে ২০১৯, রাত ১১:৫৯ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ) Online এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। অসত্য তথ্য দাখিল করা হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে ফৌজদারি আইনের আওতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে ২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৭ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ১১২/- (একশত বারো) টাকা [পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা] এবং ৮-১৬ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা [পরীক্ষার ফি ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/- টাকা] অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

8

প্রথম **SMS:** BBN<space> User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: BBN ABCDEF
Reply: Applicant's Name, Tk.112/56 will be charged as application fee,Your PIN is xxxxxxxxxx. To pay fee Type BBN<Space>YES<Space>PIN and send to 16222।

দ্বিতীয় **SMS:** BBN<Space>YES<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে।
Example: BBN YES xxxxxxxxxx
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for Bangabhaban Recruitment Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী কর্তৃক এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

ছ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bangabhaban.teletalk.com.bd অথবা রাষ্ট্রপতির কার্যালয়ের ওয়েবসাইট www.bangabhaban.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ করা হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial No. এবং PIN পুনরুদ্ধার করতে পারবেনঃ

(i) User ID জানা থাকলে: BBN<Space>HELP<Space>USER<Space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে। Example: BBN HELP USER ABCDEF

(ii) PIN জানা থাকলে: BBN<Space>HELP<Space>PIN<Space>PIN No. লিখে 16222 নম্বরে Send করতে হবে। Example: BBN HELP PIN 12345678

ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে vas.query@teletalk.com.bd ই-মেইল অথবা টেলিটক হটলাইন ১২১ নম্বরে যোগাযোগ করা যাবে।

১০। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

02/08/2012

(মোহাম্মদ সাদেকুর রহমান)
উপসচিব
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি।